



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড বরিশাল

স্মারক নং- বশিবো/কলেজ/অনুঃ/২০১৪/ ৮৫৫

তারিখ : ১৫/১২/২০১৪খ্রি.

বিষয় : স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি

সূত্র : কলেজের স্মারক নং- বানিগা/কলেজ/স্বীকৃতি বৃদ্ধি-২০১৪/২২, তারিখ: ১৫/০৭/২০১৪খ্রি.

উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে এ বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ২৪/১১/২০১৪ তারিখের নির্দেশক্রমে জানাচ্ছি যে, বাহাদুরপুর নিশিকান্ত গাইন বালিকা উচ্চমাধ্যমিক বিদ্যালয়, ডাক: বাহাদুরপুর, উপজেলা: আগৈলঝাড়া, জেলা: বরিশাল-এর উচ্চমাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থী ও পাসের হার বৃদ্ধির শর্তে নিম্নবর্ণিত শাখা ও বিষয়সমূহ নিয়ে স্বীকৃতি মেয়াদ ০১/০৭/২০১৪ থেকে ৩০/০৬/২০১৫ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

স্বীকৃতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পুনরায় স্বীকৃতি নবায়ন করা না হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রীয়ভাবে বাতিল হয়ে যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

## শাখা

## বিষয়

- ১। আবশ্যিক বিষয় : বাংলা, ইংরেজি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সকল শাখার জন্য)
- ২। নৈর্ব্যচনিক বিষয়  
ক) মানবিক শাখা : পৌরনীতি ও সুশাসন, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, যুক্তিবিদ্যা, সমাজ বিজ্ঞান এবং সংস্কৃত  
খ) ব্যবসায় শিক্ষা শাখা: হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, সাচিবিকবিদ্যা ও অফিস ব্যবস্থাপনা

উল্লেখ্য, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭১.০৭৪.০০৪.১১-৬০৩, তারিখ- ১৩ জুন ২০১৩ এর বর্ণনা অনুযায়ী উচ্চমাধ্যমিক শ্রেণির পাঠক্রম থেকে ব্যবসায় উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা বিষয়টি বাদ দেয়ায় উক্ত বিষয়ের স্বীকৃতির মেয়াদ নবায়ন করা হলো না।

## শর্তাবলী

- ০১। প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫(পঁচিশ) জন করে শিক্ষার্থী ভর্তি ও ৭৫% পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এর ৫০% পাস করতে হবে
- ০২। কলেজের শিক্ষার মান আরো উন্নত করতে হবে
- ০৩। কলেজের আসবাবপত্র বৃদ্ধি করা সহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে
- ০৪। টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে
- ০৫। কলেজে আলাদা গ্রন্থাগার নির্মাণ করে তাতে প্রয়োজনীয় সংখ্যক পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে
- ০৬। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে
- ০৭। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে
- ০৮। কলেজের সংরক্ষিত ও সাধারণ তহবিলে কাম্য পরিমাণ অর্থ সংরক্ষণ করতে হবে
- ০৯। বোর্ড কর্তৃপক্ষ যেকোন সময় স্বীকৃতি প্রত্যাহার বা স্থগিত করতে পারবে

১৫.১২.১৪  
ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
বরিশাল

ফোন: ০৪৩১-৬৪৭৪৫  
১৫/১২/১৪

## অধ্যক্ষ

বাহাদুরপুর নিশিকান্ত গাইন বালিকা উচ্চমাধ্যমিক বিদ্যালয়

ডাক: বাহাদুরপুর, উপজেলা: আগৈলঝাড়া

জেলা : বরিশাল

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি

- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, বশিবো
- ৪। পি এস টু চেয়ারম্যান, বশিবো
- ৫। সংরক্ষণ নথি